অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/16/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ডোনেট লাইফ ব্লু অ্যান্ড গ্রিন ডেতে অঙ্গ দাতা হিসেবে নিউ ইয়র্কবাসীদের নিবন্ধিত হতে অনুরোধ করেছেন

ডোনেট লাইফ ব্লু এবং গ্রিন ডের স্বীকৃতিস্বরূপ রাজ্যের ল্যান্ডমার্কগুলি নীল এবং সবুজ আলোয় আলোকিত হবে

6.6 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী অঙ্গ দাতা হিসাবে রাজ্যের ডোনেট লাইফ রেজিস্ট্রিতে নিবন্ধিত

9,000 এরও বেশি নিউ ইয়র্কবাসী একটি জীবনরক্ষাকারী প্রতিস্থাপনের অপেক্ষায় আছেন

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ নিউ ইয়র্কবাসীদের NYS ডোনেট লাইফ রেজিস্ট্রিতে যোগ দিয়ে অঙ্গ এবং টিস্যু দাতা হওয়ার আহ্বান জানিয়েছেন কারণ প্রায় 9,000 নিউ ইয়র্কবাসী জীবনরক্ষাকারী প্রতিস্থাপনের অপেক্ষায় আছেন। শুক্রবার, 16 এপ্রিল ডোনেট লাইফ ব্লু অ্যান্ড গ্রিন ডে-র (Donate Life Blue and Green Day) স্বীকৃতিস্বরূপ, রাজ্য জুড়ে ল্যান্ডমার্কগুলি নীল এবং সবুজ আলোয় সজ্জিত করা হবে।

"প্রতিটি জীবন মূল্যবান, এবং যখন COVID-19 মহামারী অকল্পনীয় ক্ষতির কারণ হয়েছে, এটি নিউ ইয়র্কবাসীদের দয়া এবং উদারতাও প্রদর্শন করেছে যারা জীবন বাঁচাতে পদক্ষেপ নিয়েছিলেন," **গভর্নর কুওমো বলেন।** "অঙ্গ এবং টিস্যু দাতা হওয়া কেবল দয়া প্রদর্শন নয়, এর ফলে জীবন বাঁচে এবং প্রতিস্থাপনের জন্য অপেক্ষারত মানুষদের জীবনে একটি নতুন সুযোগ নিয়ে আসে। আমরা ডোনেট লাইফ মাস (Donate Life Month) এবং বিশেষ করে ব্লু অ্যান্ড গ্রিন ডেকে স্বীকৃতি দিচ্ছি হাজার হাজার নিউ ইয়র্কবাসীর সাথে একাত্মতা প্রকাশের জন্য যা এখনও অঙ্গ প্রতিস্থাপনের জন্য অপেক্ষা করছেন।"

যে ল্যান্ডমার্কগুলি আলোকিত করা হচ্ছে তার মধ্যে রয়েছে:

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)

- এইচ কার্ল ম্যাককল স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক বিল্ডিং (H. Carl McCall SUNY Building)
- নিউইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট বিল্ডিং (New York State Education Department)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- নিউ ইয়র্ক স্টেট ফেয়ারগ্রাউন্ডস (New York State Fairgrounds) – প্রধান গেট এবং এক্সপোজিশন সেন্টার;
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (Grand Central Terminal) – পারশিং স্কোয়ার ভায়াডাক্ট;

নিউ ইয়র্কবাসীরা সচেতনতা বাড়াতে পারেন এবং অন্যদের 16 এপ্রিল নীল এবং সবুজ পরে এবং তাদের সোশাল মিডিয়া প্ল্যাটফর্মে #BlueGreenDay এবং #DonateLifeMonth হ্যাশট্যাগ ব্যবহার করে অঙ্গ দাতা হিসাবে নিবন্ধন করতে অনুপ্রাণিত করতে পারেন। এই দিনটির চেতনায়, NYS ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের (Department Of Motor Vehicles, DMV) কর্মীরা শুক্রবার নীল এবং সবুজ পরবেন।

মার্কিন অঙ্গ ক্রয় ও প্রতিস্থাপন নেটওয়ার্ক (U.S. Organ Procurement and Transplantation Network) অনুসারে বর্তমানে অঙ্গ প্রতিস্থাপনের অপেক্ষায় থাকা 107,587 জন আমেরিকানদের মধ্যে 8,700 জনেরও বেশি নিউ ইয়র্কবাসী রয়েছেন। উপরন্তু, প্রায় 600 নিউ ইয়র্কবাসী গত বছর মারা যান কারণ তাদের প্রয়োজনীয় অঙ্গ সময়মতো পাওয়া যায়নি, OPTN অনুসারে। ফেডারেল হেলথ রিসোর্সেস অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন (Federal Health Resources and Services Administration)-এর মতে জাতীয়ভাবে একটি অঙ্গ প্রতিস্থাপনের জন্য একটি মিলের অপেক্ষায় থাকার সময় প্রতিদিন 17 জন মারা যান। প্রতি নয় মিনিটে একজন ব্যক্তি যোগ করা হয় অপেক্ষার তালিকায়, কিন্তু একজন দাতা আটটি অবধি জীবন বাঁচাতে পারেন এবং 75টি অবধি জীবন সারিয়ে তুলতে পারেন টিস্যু এবং কর্নিয়াল দাতার মাধ্যমে। 16 বছর বা তার বেশি বয়সী যে কোনও নিউ ইয়র্কবাসী রেজিস্ট্রিতে নিবন্ধিত হওয়ার যোগ্য। বর্তমানে, নিউ ইয়র্ক স্টেটের 43 শতাংশ যোগ্য বাসিন্দা রেজিস্ট্রির মাধ্যমে অঙ্গদাতা হওয়ার জন্য নাম নথিভুক্ত করেছেন।

নিউ ইয়র্কবাসীরা ডোনেট লাইফ রেজিস্ট্রিতে (NYS Donate Life Registry) নিবন্ধিত হতে পারেন নিম্নলিখিত অনলাইন বিকল্পগুলির মাধ্যমে তালিকাভুক্ত হতে পারেন:

- নিউ ইয়র্ক স্টেট ডোনেট লাইফ রেজিস্ট্রির ওয়েবসাইট – www.donatelife.ny.gov
- নিউ ইয়র্ক স্টেট মোটরযান বিভাগের ওয়েবসাই – dmv.ny.gov

"লরেন্স ল্যয়ের" (Lauren's Law) অধীনে, ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলসের গ্রাহকরা তাদের ড্রাইভার লাইসেন্সের দান বিভাগটি পূরণ করে বা নন-ড্রাইভার আইডি নবায়ন করার আবেদনের মাধ্যমে অঙ্গ দাতা হিসেবে নিজেদের নিবন্ধন করা অব্যাহত রাখতে পারবেন। এই আইনের নামকরণ করা হয়েছে রকল্যান্ড কাউন্টির বাসিন্দা লরেন শিল্ডসের নামে, যিনি 9 বছর বয়সে একটি জীবন রক্ষাকারী হৃদযন্ত্রের প্রতিস্থাপন পেয়েছিলেন। ভোট দেওয়ার জন্য নিবন্ধনকারী নিউ ইয়র্কবাসীরা https://www.elections.ny.gov/NYSBOE/download/voting/voteregform-eng-fillable.pdf ভোটার নিবন্ধন ফর্ম বা অনলাইন ফর্মের সেই অংশটি সম্পন্ন করে রেজিস্ট্রিতে যোগ দিতে পারেন। নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ ইন্স্যুরেন্স মার্কেটপ্লেসের (NY State of Health Insurance Marketplace) মাধ্যমে স্বাস্থ্য বীমা খুঁজছেন যে নিউ ইয়র্কবাসীরা, তারাও রেজিস্ট্রিতে তালিকাভুক্ত হতে পারেন।

এছাড়াও সচেতনতা বৃদ্ধি এবং গুরুত্বপূর্ণ গবেষণাকে সমর্থন করার জন্য DMV একটি ডোনেট লাইফ কাস্টম লাইসেন্স প্লেট প্রদান করে। যখন একজন গ্রাহক প্লেটটি অর্ডার করবেন তখন 20 মার্কিন ডলার বার্ষিক ফি "লাইফ পাস ইইটি অন ট্রাস্ট ফান্ড" এ পাঠানো নির্দেশ করা হয়, যা অঙ্গ ও টিস্যু ডোনেশন বিকাশে অঙ্গদান ও প্রতিস্থাপন গবেষণা ও শিক্ষামূলক প্রোগ্রামের জন্য ব্যবহার করা হয়। অনুগ্রহপূর্বক DMV-এর ওয়েবসাইট https://dmv.ny.gov/plates/life-pass-it এ অর্ডার করুন।

2020 সালে শুরু করে, লাইফ পাস ইট অন ট্রাস্ট ফান্ড (Life Pass It On Trust Fund) দাতব্য কারণগুলিতে যুক্ত করা হয়েছিল যাতে নিউ ইয়র্কবাসীরা তাদের ব্যক্তিগত আয়কর দাখিল করার সময় অবদান রাখতে পারেন। এই তহবিলের অর্থ অনুদান এবং প্রতিস্থাপন সম্পর্কিত শিক্ষা এবং গবেষণার পাশাপাশি NYS ডোনেট লাইফ রেজিস্ট্রি পরিচালনার জন্য ব্যবহৃত হয়।

2017 সালে গভর্নর কুওমো একটি নির্বাহী আদেশে স্বাক্ষর করেন যা নিবন্ধিত অর্গান ডোনারদের সংখ্যায় অগ্রাধিকার প্রদান করে, স্টেটের স্বাস্থ্য বিভাগ (State Health Department)-কে সব স্টেটীয় সংস্থা, ডোনেট লাইফ নিউ ইয়র্ক স্টেটে এবং অন্যান্য অংশীদারদের সাথে কাজ করার নির্দেশ দেয়, যা নিউ ইয়র্ক স্টেট ডোনেট লাইফ রেজিস্টারের মাধ্যমে অর্গান ডোনার হিসেবে নিবন্ধন করার জন্য জনসাধারণকে অতিরিক্ত সুযোগ প্রদান করে। নিউ ইয়র্কবাসীদের কাছে বিভিন্ন লাইসেন্স বা শংসাপত্রের জন্য ডিপার্টমেন্ট অফ স্টেটের কাছে এবং তার সাথে স্বাস্থ্য বিভাগের কাছেও আবেদন করার সময় অঙ্গদাতা হওয়ার বিকল্প রয়েছে। স্বাস্থ্য বীমার জন্য আবেদন করার সময়নিউ ইয়র্কের নাগরিকরা নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ অফিসিয়াল হেলথ প্ল্যান মার্কেটপ্লেসের মাধ্যমেওঅঙ্গদাতা হতে পারেন।

স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "COVID-19 এর বিরুদ্ধে আমাদের লড়াই আমাদের শিখিয়েছে যে জীবন কতটা মূল্যবান এবং অঙ্গদাতা হওয়ার সিদ্ধান্ত সত্যিই একজন ব্যক্তির সব চেয়ে গুরুত্বপূর্ণ এবং নিঃস্বার্থ সিদ্ধান্তগুলির মধ্যে একটি। গভর্নর কুওমো এবং রাজ্যের

সংস্থাগুলির এবং অঙ্গদান সম্প্রদায়ের মধ্যে আমাদের অংশীদারদের মধ্যে অব্যাহত সহযোগিতাকে ধন্যবাদ, আমরা সক্রিয়ভাবে নিউ ইয়র্ক রাজ্যে অঙ্গদাতাদের সংখ্যা বাড়ানোর জন্য কাজ করছি।"

ডিপার্টমেন্ট অব মোটর ভেহিকলসের কমিশনার মার্ক জে. এফ. শ্রোডার বলেন, "মহামারীটি অঙ্গদান সহ স্বাস্থ্য সেবা ব্যবস্থার সমস্ত দিকগুলিতে নাটকীয় প্রভাব ফেলেছে, এবং আরও দাতাদের ক্রমবর্ধমান প্রয়োজন রয়েছে। ব্লু অ্যান্ড গ্রিন ডে হাজার হাজার নিউ ইয়র্কবাসীর কথা স্মরণ করায় যারা জীবনরক্ষাকারী প্রতিস্থাপনের অপেক্ষায় আছেন। DMV এই গুরুত্বপূর্ণ উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করতে পেরে এবং সম্ভাব্য দাতাদের রেজিস্ট্রিতে যোগদানের একটি উপায় হিসাবে কাজ করে গর্বিত। আমাদের কর্মীরা আমাদের সমর্থন দেখানোর জন্য নীল এবং সবুজ পোশাক পরবেন।"

ডোনেট লাইফ নিউ ইয়র্ক স্টেটের নির্বাহী পরিচালক আয়শা টেটর বলেন, "নিউ ইয়র্ক একটি দানকারী সম্প্রদায়। অঙ্গ এবং টিস্যু দানের মাধ্যমে, সমস্ত নিউ ইয়র্কবাসীদের অভাবী ব্যক্তিদের আশা দেওয়ার এবং জীবন বাঁচানো এবং উন্নত করার ক্ষমতা রয়েছে। আমরা গভর্নর, স্বাস্থ্য বিভাগ এবং মোটর যানবাহন বিভাগ এবং আইনসভার সাথে আমাদের অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ, যারা সবাই নীল ও সবুজ দিবসে এবং সারা বছর ধরে নিউ ইয়র্ক স্টেট ডোনেট লাইফ রেজিস্ট্রিতে নাম লেখানোর প্রচারের জন্য কাজ করে।"

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন